

শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের চেতনায় জাতি গঠনে অবদান রাখতে হবে

রাষ্ট্রপতি

■ টাঙ্গাইল প্রতিনিধি

টাঙ্গাইলের সন্তোষে মওলানা ভাসানী
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের
সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির ভাষণে
রাষ্ট্রপতি আবদুল হামিদ বলেন,
বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির
দেশ। সম্প্রীতির এই ঐতিহ্যকে ধারণ
করে আমাদের সামনে এগিয়ে যেতে
হবে। গতকাল রবিবার অপরাহ্নে
বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সমাবর্তন
প্যাভিলিয়নে বিশ্ববিদ্যালয়ের এই
সমাবর্তন অনুষ্ঠানের আয়োজন করা
হয়। এটি ভাসানী বিশ্ববিদ্যালয়ের
দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠান।

রাষ্ট্রপতি বলেন, শিক্ষার্থী ও
শিক্ষকদের মহান মুক্তিযুদ্ধের চেতনায়
উদ্বুদ্ধ হয়ে দেশ ও জাতি গঠনে অবদান
রাখতে হবে। মনে রাখতে হবে লাঞ্ছিত
শহীদের আত্মত্যাগে আমাদের দীর্ঘ
কাল্পিত স্বাধীনতা অর্জিত হয়েছে।
স্বাধীনতার মর্যাদা সমন্নত রাখতে যে
কোনো অসুভ শক্তির বিরুদ্ধে আমাদের
সম্মিলিতভাবে রুখে দাঁড়াতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে
বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম
নাহিদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের
চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান ও
প্রফেসর ইমেরিটাস ড. আলমগীর
মোহাম্মদ সিরাজুলীন। স্বাগত বক্তব্য
রাখেন মওলানা ভাসানী বিজ্ঞান ও
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ডাইস-চ্যান্সেলর
প্রফেসর ড. মো. আলাউদ্দিন।

রাষ্ট্রপতি সন্তোষে পৌছেই প্রথমে
মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ
খান ভাসানীর মাজার জিয়ারত করেন
এবং পরে বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন
অনুষ্ঠানে যোগ দেন।

সমাবর্তন অনুষ্ঠানে এই
বিশ্ববিদ্যালয়ের পাঁচটি অনুষদের মধ্যে
চারটি অনুষদের ১২টি বিভাগের
বিএসসি (মস্মান) ইঞ্জিনিয়ারিং, বিবিএ
ও স্নাতকোত্তর পর্যায়ে ৫১টি ব্যাচের
৯৮৭জন শিক্ষার্থীকে স্নাতক, ৪৯৯জন
শিক্ষার্থীকে স্নাতকোত্তরসহ মোট
১৪৮৮জনকে প্রাপ্ত ডিগ্রীর সনদ প্রদান
করা হয়। এ ছাড়া শিক্ষাজীবনে অনন্য
কৃতিত্বের জন্য ২১জন শিক্ষার্থীকে প্রদান
করা হয় চ্যান্সেলর, ডাইস-চ্যান্সেলর ও
ডিনস অ্যাওয়ার্ড।